



তথ্যবিবরণী

নম্বর-২৫৩

রাজশাহী বিভাগ হতে দেশের বিভিন্ন জেলায় রেলযোগে আম পরিবহন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী; ২৮ বৈশাখ (১১ মে):

রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে শনিবার (১১ মে) সকালে রাজশাহী বিভাগ হতে দেশের বিভিন্ন জেলায় রেলযোগে আম পরিবহন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। রাজশাহী বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীরের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেলপথ মন্ত্রী জিলুল হাকিম, এমপি। সেমিনারে আমচাষী ও ব্যবসায়ীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে রেলপথ মন্ত্রী বলেন, আম খুবই সংবেদনশীল পণ্য। তাই আমরা চেষ্টা করে যাচ্ছি যেন আমের ট্রেন যথাসময়ে, যথাস্থানে পৌঁছতে পারে। ডাবল লাইন ট্রেন চালুর বিষয়টিও মাথায় আছে তবে তা অতিদ্রুত বাস্তবায়ন সম্ভব হবে না। তাছাড়া আমরা সকল আন্তঃনগর ট্রেনের সাথে একটি করে নন এসি লাগেজ ভ্যান ও এসি লাগেজ ভ্যান লাগানোর জন্য ব্যবস্থা নিচ্ছি।

প্রধানমন্ত্রীর রেলখাতে গৃহীত পদক্ষেপের কথা উল্লেখ করে রেলমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী পদ্মা সেতুতে রেললাইন স্থাপন করার মাধ্যমে আরও ৮টি জেলার সাথে রেল যোগাযোগ সহজ হয়েছে। প্রধানমন্ত্রীর রেলখাতের উন্নয়ন করার সদিচ্ছা আছে তবে এর সাথে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছেন।

তিনি আরও বলেন, কুরিয়ার সার্ভিসে পাঠানো আম যদি রেলযোগে ঢাকা এবং ঢাকার আশেপাশে পৌঁছানো যায় তবে সময় ও খরচ দুইই বাঁচবে। আম পরিবহন সহজ করতে আমরা ট্রেনকে জনপ্রিয় করতে চাই। আমরা রাস্তার ওপর চাপ কমাতে চাই। এজন্য যা যা করণীয় তাই আমরা করবো। আমরা চাই কম খরচে রেলের মাধ্যমে এই অঞ্চলের আম পরিবহন সহজ হোক। কুরিয়ারের বিকল্প হিসেবেই আমরা এটি করতে চাই।

নিরাপদে স্বল্প সময়ে ও স্বল্প খরচে আম পরিবহনের লক্ষ্যে আগামী ১০ জুন চালু হচ্ছে ম্যাংগো স্পেশাল ট্রেন। আম নিরাপদে স্বল্প সময়ে ও স্বল্প খরচে চাঁপাইনবাবগঞ্জ-রাজশাহী থেকে ঢাকায় নেওয়ার জন্য ২০২০ সালে ম্যাংগো স্পেশাল ট্রেন চালু করা হয়। ২০২০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছরে মোট ৩৯ লাখ ৯৫ হাজার ৭৯৮ কেজি আম পরিবহন হয়েছে। এতে সরকারের রাজস্ব অর্জিত হয়েছে ৪৬ লাখ ২৯ হাজার ১৪০ টাকা। শনিবার দুপুরে রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ে অনুষ্ঠিত সেমিনারে মূখ্য আলোচকের বক্তব্যে রেলপথ মন্ত্রণালয়ের সচিব ড. হুমায়ুন কবির এসব কথা বলেন।

অনুষ্ঠানে রাজশাহী-২ আসনের সংসদ সদস্য মোঃ শফিকুর রহমান বাদশা, নাটোর-১ আসনের সংসদ সদস্য মোঃ আবুল কালাম, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক সরদার সাহাদাত আলী, রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব জালাল উদ্দিন আহমেদ, রাজশাহী রেঞ্জের উপ-মহাপুলিশ পরিদর্শক মোঃ আনিসুর রহমান, রাজশাহী বিভাগের অতিরিক্ত পুলিশ কমিশনার মোঃ রশীদুল হাসান এবং রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জের জেলাপ্রশাসক এবং নাটোরের অতিরিক্ত জেলাপ্রশাসক উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/সাইদুর/২০২৪/৪.২০ঘ.